

## উচ্চ মাধ্যমিকে ভর্তির ফল প্রকাশ আজ

নিজস্ব প্রতিবেদক

১০ জুন ২০১৯ ০০:০০ | আপডেট: ১০ জুন ২০১৯ ১১:১৫



দৈনিক  
**আমাদের সময়**

একাদশ শ্রেণির ভর্তির প্রথম ধাপের আবেদনের ফল প্রকাশ করা হবে আজ। গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. হারুন অর রশিদ এ তথ্য জানিয়েছেন। মোবাইলের পাশাপাশি ফল জানা যাবে ওয়েবসাইটে। আবেদনকারী তার রোল নম্বর, বোর্ড, পাসের সাল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে কোন কলেজে ভর্তির সুযোগ পাচ্ছেন, তা জানতে পারবেন।

ভর্তি নীতিমালা অনুযায়ী, প্রথম দফায় মনোনীতদের ১১ থেকে ১৮ জুনের মধ্যে ভর্তি নিশ্চিত করতে হবে। এ প্রক্রিয়া সম্পন্ন করতে টেলিটক বা মোবাইল ব্যাংকিং রকেট ও শিওর ক্যাশের মাধ্যমে বোর্ডের রেজিস্ট্রেশন ফি ১৯৫ টাকা পরিশোধ করতে হবে। এ প্রক্রিয়ায় ভর্তি নিশ্চিত করতে না পারলে মনোনয়ন বাতিল হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীর আবেদনটিও বাতিল হয়ে যাবে। দ্বিতীয় ধাপের আবেদন গ্রহণ করা হবে ১৯ ও ২০ জুন। ২১ জুন রাত ৮টার পর দ্বিতীয় ধাপের নির্বাচিতদের ফল প্রকাশ করা হবে।

২২ ও ২৩ জুন তাদের ভর্তি নিশ্চিত করতে হবে। ২৪ জুন রাত ৮টার পর থেকে তৃতীয় ধাপের আবেদন গ্রহণ করা হবে। ২৫ জুন রাত ৮টার পর তৃতীয় ধাপের আবেদনের ফল প্রকাশ করা হবে। ২৭ থেকে ৩০ জুন ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। একাদশ শ্রেণির ক্লাস শুরু হবে আগামী ১ জুলাই।